

ভোরের কাগজ



মহাধানীর তিকাকুননিসা সুন স্কুলে গতকাল ছিল নিত শ্রেণীতে ভর্তি পরীক্ষা। সব প্রশ্নের উত্তর শেষ করে শেষ হরনি সময়। টেবিলেই চাকর রাখা পিসিরে গিয়ে খটখটানি পেনার একল অপেক্ষার ধার অবোধ নিতলো। — ভোরেরকাগজ

নামী স্কুলগুলোতে যথারীতি ভর্তিযুদ্ধ

● প্রথম পাতার পর
 জানুয়ারি ১১ জানুয়ারি 'খ' এবং ১৩ জানুয়ারি 'প' গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিকাকুননিসা সুন স্কুলের বেইলী রোড এবং হানমন্ডির দুটি শাখায় প্রথম শ্রেণীতে চার শিফটে মোট আসন ৬০৫টি। পরীক্ষায় অংশ নিয়েছে প্রায় ৪ হাজার শিশু। স্কুল কর্তৃপক্ষ জানান, গতকাল অনুষ্ঠিত পরীক্ষাটি ৫০ নম্বরের। বাংলা, ইংরেজি, অংশ ও সাধারণ বিজ্ঞানের ওপর ছাত্রীদের দক্ষতা যাচাই করা হবে এ পরীক্ষায়।

রাজধানীর অন্যতম বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান আইডিয়াল স্কুল এন্ড কলেজের ভর্তি পরীক্ষা আজ। প্রথম শ্রেণীর ১২০টি আসনের বিপরীতে ভর্তি যুদ্ধে অংশ নেবে কয়েক হাজার পরীক্ষার্থী। এছাড়া ৬ জানুয়ারি দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ এবং ৮ জানুয়ারি তৃতীয়, পঞ্চম, সপ্তম ও নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

রেসিডেন্সিয়াল মডেল স্কুলের নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ জানুয়ারি। তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১০ জানুয়ারি। স্কুলটিতে তৃতীয় শ্রেণীতে আসন সংখ্যা ২১০টি। এরমধ্যে প্রভাতী শাখায় ৯০ ও সিবা শাখায় ১২০টি। ৯ম শ্রেণীতে প্রভাতী শাখায় আসন সংখ্যা-বিজ্ঞানে ৪৫ এবং মানবিক ৩১টি। সিবা শাখায় ব্যবসায় ২০ ও বিজ্ঞানে ২০টি আসন।

বেসরকারি স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু

নামী স্কুলগুলোতে যথারীতি ভর্তিযুদ্ধ এক আসনের বিপরীতে অর্ধশত প্রার্থী

কাগজ প্রতিবেদক : 'বাবা, আমি পরীক্ষা দেব না, আমাকে বাসায় নিয়ে চলো' তিকাকুননিসা সুন স্কুলের প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষা দিতে আসা অনেক কোমলমতি শিশুর কণ্ঠেই এ ধরনের উদ্‌যমিত আর্তি শোনা গেছে। অভিভাবকরা অবশ্য শিশুদের নানা প্রলোভনে পরীক্ষায় হলে পাঠিয়েছেন শেষ পর্যন্ত।

রাজধানীতে মেয়েদের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত তিকাকুননিসা সুন স্কুলে গতকাল অনুষ্ঠিত প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষায় প্রায় ৪ হাজার শিশু ভর্তি যুদ্ধে অংশ নেয়। প্রতিটি শিশুর সঙ্গে এসেছিলেন আরো ৪ হাজার অভিভাবক-অভিভাবিকা। সকালে তিকাকুননিসা সুন স্কুলে প্রায় ৮ হাজার লোকসংগে হয়ে যায়। পরীক্ষার হলে প্রবেশের সময় প্রবল ভিড় কোমলমতি শিশুদের অনেককেই আঁচড়ে দেয়। বঁকে বসে অনেকে। বাবা-মায়ের হাত ধরে তারা বায়না ধরে পরীক্ষা না দিয়ে বাসায় ফিরে যাওয়ার জন্য। ভর্তি পরীক্ষা শেষ করে এসব শিশুরা যখন বের হয়েছে তখন

তাদের মুখাবয়ব দেখে মনে হয়েছে যেন যুদ্ধ জয়ের আপাত আশ বিরাগ করছে তাতে।

রাজধানীর অন্যান্য বেসরকারি স্কুলগুলোতেও ইতিমধ্যে ভর্তি পরীক্ষা শুরু হয়ে গিয়েছে। গত বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে উত্তরা হাইস্কুলের ভর্তি পরীক্ষা। তবে ভর্তি যুদ্ধ কেবলমাত্র নামী-নামি স্কুলের মধ্যেই সীমাবদ্ধ। ভর্তি পরীক্ষা উপলক্ষে সন্তানদের সঙ্গে বাবা মায়েরও যেন প্রাণান্তকর অবস্থা। নিজ নিজ সন্তানের সঙ্গে অভিভাবকরাও নেমেছেন সহযোগী হিসেবে।

বেসরকারি স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হয়ে গেলেও অভিভাবকদের মূল ট্যাপেট সরকারি স্কুলগুলোতে ভর্তি যুদ্ধ শুরু হবে ৯ জানুয়ারি থেকে। চলবে ১৩ জানুয়ারি পর্যন্ত। রাজধানীর ২৪টি সরকারি স্কুলে প্রায় ৩০ হাজার ছাত্রছাত্রী ভর্তি যুদ্ধে অংশ নিচ্ছে। পরীক্ষা গ্রহণের সুবিধার্থে ৮টি স্কুল নিয়ে মোট ৩টি গ্রুপ করা হয়েছে। 'ক' গ্রুপের ভর্তি পরীক্ষা ৯

● প্রথম-পৃষ্ঠা ২ কলাম